

কেন আর মিথ্যে আশা বারে বারে ।
ওরে তোর সঙ্গে যে কেউ যাবে না রে ॥
এ তোমার রাত্রি শেষের ভোরের পাখি,
তোমারেই একলা কেবল গেল ডাকি;
যা রে তুই বিজন পথে চলে যা রে ॥
ওদের ওই হৃদয় কুঁড়ি শিশির-রাতে ।
বসে রয় চোখের জলের অপেক্ষাতে ॥
মেটাতে পারবে না তো আঁধার নিশা
তোমার এই ফোটা ফুলের আলোর তৃষা,
সে যে তাই চেয়ে আছে পুবের পানে ॥

Parjaay:, Taal: Dadra, Raag: Ramkeli

Visit www.geetabitan.com for notation and other detail